# ফ্রান্সের রাষ্ট্রদূতের সঙ্গে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত এইচ.ই. জঁ-মার্ক সেরে-শার্লে।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ ও ফ্রান্সের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, বিমান চলাচল, শিক্ষা, সংস্কৃতি, মানবসম্পদ উন্নয়ন এবং জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) অগ্রাধিকার বিষয়গুলো নিয়ে মতবিনিময় করেন তারা।

বৈঠকে জলবায়ু পরিবর্তন ও বহুপক্ষীয় অংশীদারিত্বের বিষয়ও উঠে আসে। একই সঙ্গে উভয় পক্ষ পারস্পরিক সহযোগিতার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। এর মধ্যে ১৩ লাখ রোহিঙ্গার জন্য ফ্রান্সের মানবিক সহায়তা এবং তাদের নিরাপদ, স্বেচ্ছায় ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী অবকাঠামো, নবায়নযোগ্য জ্বালানি, মহাকাশ, প্রযুক্তি ও ফার্মাসিউটিক্যালস খাতে আরও বেশি ফরাসি বিনিয়োগের আহ্বান জানান। পাশাপাশি তিনি বৈধ পথে কর্মী অভিবাসনের ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় অনিয়মিত অভিবাসন ও মানব পাচারের বিরুদ্ধে বাংলাদেশের জিরো-টলারেন্স নীতির কথাও পুনর্ব্যক্ত করেন হুমায়ুন কবীর।

LENS ASIA